

2024-25 শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তির জন্য Admission Fee প্রদান, Online Admission Form পূরণ, Admission Form Edit করা ও কলেজে Admission Form জমাদান সংক্রান্ত জরুরি নির্দেশনা

১. শেরপুর সরকারি কলেজ, শেরপুরে 2024-25 শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে ভর্তির জন্য শুধুমাত্র চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের জন্য এই নির্দেশনাসমূহ প্রযোজ্য।

২. শিক্ষার্থী কর্তৃক কলেজের Official Web Site এর Online Admission Form এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে একাডেমিক, উপবৃত্তি প্রদান, প্রশাসনিক ও সহপাঠ্যক্রমিক সংক্রান্ত সকল কার্যক্রম বাস্তবায়ন করা হবে। তাই সতর্কতার সাথে ও নির্ভুলভাবে সকল চাহিত তথ্য প্রদান করতে হবে। ভুল তথ্য প্রদানের কারণে শিক্ষার্থী উল্লিখিত যে কোন ধরনের সমস্যার সম্মুখীন হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। এছাড়াও কোন শিক্ষার্থী ভুল তথ্য প্রদান করলে কলেজ কর্তৃপক্ষ তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার অধিকার রাখে।

৩. Online Admission Form পূরণের লক্ষ্যে কলেজের Web site (<https://sherpurgovtcollege.edu.bd/>) এর Menu Bar এ বিদ্যমান Old Website Button এ Click করলে নতুন একটি Webpage Display হবে। সেই Webpage এর Menu Bar এ বিদ্যমান Admission>Science (বিজ্ঞান বিভাগের জন্য) অথবা Admission> Humanities (মানবিক বিভাগের জন্য) অথবা Admission>Business Studies (ব্যবসায় শিক্ষা বিভাগের জন্য) Button এ Click করতে হবে। উল্লিখিত Button এ Click করলে সংশ্লিষ্ট বিভাগের Login Panel দেখা যাবে।

৪. নির্ধারিত Link এ প্রবেশ করার পর নিজ নিজ SSC Roll No কে username ও password হিসেবে ব্যবহার করে Form Fill Up বাটনে Click করতে হবে। Login করার পর প্রাপ্ত Web page এ সকল তথ্য প্রদান করে Submit Button এ Click করতে হবে। অতঃপর Logout Button এ Click করে Logout করতে হবে।

বি.দ্র. Login করার পর শিক্ষার্থী তার নাম, SSC পরীক্ষার Roll Number এবং শিক্ষা বোর্ড প্রদত্ত ভর্তির মেধাতালিকা অনুসারে Class Roll দেখতে পাবে। এই ৩ টি তথ্য পরিবর্তন করা যাবে না।

৫. শিক্ষার্থী তার সরবরাহৃত সকল তথ্য সঠিক আছে কিনা তা এক নজরে দেখার জন্য পুনরায় Login Panel এ গিয়ে নিজ নিজ SSC Roll No কে username ও password হিসেবে ব্যবহার করে Print Form Button এ Click করবে। এই অবস্থায় শিক্ষার্থীর সকল তথ্য সহ Profile Page টি দৃশ্যমান হবে।

(৫-ক) সকল তথ্য সঠিক থাকলে Admission Form টি Download করার জন্য উক্ত Profile page এ বিদ্যমান Download Button এ Click করতে হবে।

অথবা (৫-খ) যদি কোন তথ্য Update করার প্রয়োজন হয় তাহলে উক্ত Profile page এর Update Profile Button এ Click করতে হবে। এমতাবস্থায় তথ্য Update করার সুবিধাবিশিষ্ট Update Page টি দৃশ্যমান হবে। এই Update Page থেকে প্রয়োজনীয় তথ্য Edit করার পর Update Button এ Click করতে হবে। Update হওয়া সকল তথ্য এক নজরে দেখার জন্য উক্ত Update page এর View Profile Button এ Click করতে হবে। এই অবস্থায় শিক্ষার্থীর সকল তথ্য সহ Profile Page টি দৃশ্যমান হবে।

(৫-খ-i) সকল তথ্য সঠিক থাকলে Admission Form টি Download করার জন্য উক্ত Profile page এ বিদ্যমান Download Button এ Click করতে হবে।

অথবা, (৫-খ-ii) পুনরায় কোন তথ্য Update করার প্রয়োজন হলে উক্ত Profile page এর Update Profile Button এ Click করতে হবে এবং (৫-খ) ও (৫-খ-i) তে বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবে।

৬. শিওর ক্যাশ এর মাধ্যমে কলেজ কর্তৃক নির্ধারিত হারে Admission Fee জমা দিয়ে Download কৃত Admission Form এ (College Copy ও Student Copy উভয়টিতে) RB Number নাম্বার লিখার পর সংশ্লিষ্ট শিওর ক্যাশ এজেন্ট এর সিল ও স্বাক্ষর নিতে হবে।

৭. Admission Form এর College Copy-র সাথে প্রয়োজনীয় সকল কাগজপত্র ও ছবি সংযুক্ত করে ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

|
বি.দ্র. এই Website থেকে Admission Form প্রিন্ট করার পর অথবা কলেজে জমা দেয়ার পর কোন কারনে এই Website এর মাধ্যমে শিক্ষার্থীর কোন তথ্য Update করা হলে অবশ্যই Update কৃত ভর্তি ফর্ম পুনরায় প্রিন্ট করে এর College Copy শিক্ষার্থী তার নিজ দায়িত্বে ভর্তি কমিটির নিকট জমা দিবে। অন্যথায় উক্ত শিক্ষার্থীর ভর্তি বা একাডেমিক কার্যক্রম বা উপবৃত্তি প্রদান বা প্রশাসনিক কার্যক্রম বা সহপাঠ্যক্রমিক কার্যক্রম সংক্রান্ত কোন জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

কলেজের Official Web Site এ Online Admission Form পূরণের সময় নিম্নোক্ত তথ্যসমূহ প্রদান করতে হবে। সকল তথ্য অবশ্যই ইংরেজিতে পূরণ করতে হবে।

১. শিক্ষার্থী সংক্রান্ত তথ্য:

শিক্ষার্থীর নাম, মোবাইল নম্বর, ইমেইল আইডি, রক্তের গ্রুপ (ঐচ্ছিক), জন্ম তারিখ, জন্ম নিবন্ধন নম্বর, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, বোর্ড কর্তৃক সরবরাহকৃত Security Code বা PIN নাম্বার (ঐচ্ছিক) এবং শিক্ষার্থীর সর্বোচ্চ 50KB ও 400x520 pixel আকারের jpeg/jpg/png format এর ছবি।

[বি.দ্র. একই মোবাইল নম্বর ও ইমেইল আইডি ব্যবহার করে একাধিক শিক্ষার্থীর তথ্য Submit করা যাবে না। অর্থাৎ, প্রত্যেক শিক্ষার্থীর পৃথক পৃথক মোবাইল নম্বর ও ইমেইল আইডি থাকতে হবে।]

২. শিক্ষার্থীর পিতা ও মাতা সংক্রান্ত তথ্য:

শিক্ষার্থীর পিতা ও মাতার নাম, পিতা ও মাতার মোবাইল নম্বর, পিতা ও মাতার NID নাম্বার (10 বা 17 ডিজিট এর), পিতা ও মাতার পেশা এবং পিতা ও মাতার বাৎসরিক আয়।

৩. শিক্ষার্থীর পিতা ও মাতার অবর্তমানে অভিভাবকের তথ্য (পিতা/মাতা জীবিত থাকলে এই হেডিং এর অন্তর্গত তথ্য সরবরাহ করার প্রয়োজন নেই):

অভিভাবকের নাম, অভিভাবকের সাথে সম্পর্ক, অভিভাবকের মোবাইল নম্বর ও অভিভাবকের NID নাম্বার (10 বা 17 ডিজিট এর)।

৪. শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বৈধ ব্যাংক একাউন্ট বা মোবাইল ব্যাংকিং একাউন্ট সংক্রান্ত তথ্য (সমন্বিত উপবৃত্তি কার্যক্রম পরিচালনার জন্য এই তথ্যগুলো গুরুত্বপূর্ণ):

শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের বৈধ ব্যাংক একাউন্ট বা মোবাইল ব্যাংকিং একাউন্ট নাম্বার, ব্যাংক এর নাম ও শাখার নাম বা মোবাইল ব্যাংকিং অপারেটরের নাম, একাউন্টধারীর নাম, একাউন্টধারীর জন্ম তারিখ, একাউন্টধারীর মোবাইল নম্বর, একাউন্টধারীর NID নাম্বার (10 বা 17 ডিজিট এর) ও একাউন্টধারীর সাথে শিক্ষার্থীর সম্পর্ক।

৫. SSC পরীক্ষা সংক্রান্ত তথ্য:

স্কুল/শিক্ষা প্রতিষ্ঠানের নাম, SSC পাশের সন, SSC তে পঠিত বিভাগের নাম, SSC পরীক্ষার রোল নম্বর, SSC পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর ও SSC পরীক্ষায় প্রাপ্ত GPA.

৬. উচ্চ মাধ্যমিক শ্রেণিতে পঠিতব্য বিষয় সংক্রান্ত তথ্য:

উচ্চ মাধ্যমিক শ্রেণিতে যে সকল বিষয় অধ্যয়ন করতে ইচ্ছুক, সে সকল বিষয় সঠিকভাবে নির্বাচন করতে হবে। নির্বাচিত বিষয় পরবর্তীতে পরিবর্তন করার সুযোগ সীমিত।

৭. শিক্ষার্থীর কর্তৃক কলেজে অংশগ্রহণ করতে ইচ্ছুক সহপাঠ্যক্রম বিষয়ের নাম (সর্বোচ্চ ৩ টি):

সর্বোচ্চ ৩ টি সহপাঠ্যক্রম বিষয়ের নাম নির্বাচন করা যাবে।